গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবপুর, নরসিংদী
www. shibpur.narsingdi.gov.bd

স্মারক নং-০৫.৩০.৬৮৭৬.০১২.১১.০১৬.১৭-২৪০৭

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯ / ১১ সেপ্টেম্বর ২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ০৪ মে ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের এস,আর, ও নং ৮৯-আইন/২০১৫ এবং ০৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের এস,আর, ও নং ২৩২-আইন/২০১৭ মোতাবেক নরসিংদী জেলাধীন শিবপুর উপজেলার উল্লেখিত ইউনিয়ন পরিষদসমূহে শূণ্য পদ পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | ইউনিয়ন পরিষদের নাম | ওয়ার্ড নং | শূণ্য পদ সংখ্যা | পদের নাম | বেতন | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | দুলালপুর | ০৭, ০৯ | ০২ | মহল্লাদার | প্রচলিত বিধি মোতাবেক | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ০২ | মাছিমপুর | ০৪, ০৭, ০৮ | ০১ | | | |
| ০৩ | চক্রধা | ০৫, ০৭ | ০১ | | | |
| ০৪ | যোশর | ০৫, ০৭ | ০২ | | | |
| ০৫ | আয়ুবপুর | ০১, ০২, ০৭, ০৯ | ০১ | | | |
| | | মোট | ০৭ টি | | | |

## নিয়োগের শর্তাবলী:-

**০১।** প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে।

**০২।** আবেদনকারীর বয়সসীমা ০৩ **অক্টোবর ২০২২** তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

**০৩।** মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা:

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে :-

(অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (আ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) (ই) সর্বনিম্ন ওজন ৫০ কেজি;

মহিলা প্রার্থীর ক্ষেত্রে :-

(অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট (আ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) (ই) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি

**০৪।** আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (বাংলায় ও ইংরেজীতে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ওয়ার্ড নং সহ) (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (অনলাইন জন্ম সনদ দাখিল করতে হবে) (ছ) বয়স (০৩ **অক্টোবর ২০২২ তারিখে**) (জ) ভোটার আই.ডি নম্বর (এন.আই.ডি দাখিল করতে হবে) (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) শারীরিক যোগ্যতার মাপ (ঢ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম (সংশ্লিষ্ট কাগজপত্র দাখিল করতে হবে) (ণ) মোবাইল নম্বর উল্লেখপূর্বক প্রার্থীকে স্বহস্তে লিখিত আবেদন ০৩ **অক্টোবর ০২২ তারিখ বিকাল ০৫:০০** ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে ৯"×৫" সাইজের খামে উপজেলা নির্বাহী অফিসার, শিবপুর, নরসিংদী বরাবর সরাসরি অথবা ডাকযোগে আবেদন পত্র দাখিল করতে হবে।

**০৫।** আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, শিবপুর, নরসিংদী এর অনুকূলে আবেদনকারীকে **৩০০/-** মূল্যমানের অফেরতযোগ্য **ব্যাংক ড্রাফট/পে-অর্ডার** সংযুক্ত করতে হবে।

**০৬।** আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:-(ক) সম্প্রতি তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন সত্যায়িত ছবি (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ (গ) অনলাইন জন্ম সনদের সত্যায়িত কপি (ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ (ঙ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি (চ) ভোটার আইডি কার্ড এর সত্যায়িত কপি (ছ) প্রার্থী পোষ্য/বীর মুক্তিযোদ্ধার সন্তান হলে প্রযোজনীয় প্রমাণপত্রের সত্যায়িত কপি ।

**০৭।** আবেদন পত্রের খামের উপর সংশ্লিষ্ট ইউনিয়ন, ওয়ার্ড, বিশেষ কোটা (যদি থাকে) এবং পদের নাম উল্লেখ করতে হবে।

২

**০৮।** বেতন ভাতাদিসহ অন্যান্য সুবিধাদি সরকার কর্তৃক নির্ধারিত হারে প্রাপ্য হবেন।

**০৯।** নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি বিধান অনুসরণ করা হবে।

**১০।** অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**১১।** মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

**১২।** প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**১৩।** কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১৪।** কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিয়োগ সৃজিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

**১৫।** নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১১/৯/22
জিনিয়া জিন্নাত
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার নিয়োগ ও বাছাই কমিটি
শিবপুর, নরসিংদী

স্মারক নং-০৫.৩০.৬৮৭৬.০১২.১১.০১৬.১৭-

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯ / ১১ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী।

০২। উপ-পরিচালক (উপ-সচিব), স্থানীয় সরকার, নরসিংদী।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবপুর, নরসিংদী।

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো:

০৪। উপজেলা প্রকৌশলী ও সদস্য, মহল্লাদার নিয়োগ ও বাছাই কমিটি, শিবপুর, নরসিংদী

০৫। অফিসার ইনচার্জ, শিবপুর মডেল থানা ও সদস্য, মহল্লাদার নিয়োগ ও বাছাই কমিটি, শিবপুর, নরসিংদী

০৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ও সদস্য-সচিব, মহল্লাদার নিয়োগ ও বাছাই কমিটি, শিবপুর, নরসিংদী

০৭। চেয়ারম্যান, .................. ইউনিয়ন পরিষদ ও সদস্য, মহল্লাদার নিয়োগ ও বাছাই কমিটি, শিবপুর, নরসিংদী (নিয়োগ বিজ্ঞপ্তিটি তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড, ওয়ার্ডের গুরুত্বপূর্ন স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট-বাজার সমূহে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

০৮। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, শিবপুর, নরসিংদী

০৯। নোটিশ বোর্ড/অফিস কপি।

১১/৯/২২
জিনিয়া জিন্নাত
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মহল্লাদার নিয়োগ ও বাছাই কমিটি
শিবপুর, নরসিংদী